

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
(প্রশাসন শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
<http://br.lgd.gov.bd>

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০১.৯৯.০০৩.১৭- ২১৮

তারিখঃ ২৪-০৪-১৪২৪
০৮-০৮-২০১৭

বিষয়ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭- এর ১০(৫) বিধানমতে নির্ধারিত সময়ের পর জন্ম তথ্য নিবন্ধনের প্রস্তাব অনুমোদন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের বিধানমতে জন্ম বা মৃত্যু তথ্য নিবন্ধনের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে অবহিতকরণের বিধান থাকলেও সাধারণ জনগণের অসচেতনতার কারণে অদ্যাবধি ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিবন্ধন, এমনকি অবহিতকরণের হার খুবই হতাশাব্যঞ্জক। এ অবস্থায় দেরীতে নিবন্ধনের প্রবণতা রোধকল্পে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ এর ১০(৫) বিধিতে নিম্নরূপ বিধান রাখা হয়েছে:-

“ ব্যক্তির জন্মের ৬(ছয়) মাস পরে কিন্তু ২(দুই) বৎসরের মধ্যে আবেদন প্রাপ্ত হইলে, আবেদনপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হইলে, নিবন্ধক তথ্য নিবন্ধনের জন্য প্রস্তুত করিয়া তথ্য প্রযুক্তির সাহায্যে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের এবং সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে উপ-পরিচালক, স্থানীয় সরকারের নিকট প্রেরণ করিবেন এবং ব্যক্তির জন্মের ২(দুই) বৎসর পরে আবেদন প্রাপ্ত হইলে অনুরূপভাবে উহা রেজিস্ট্রার জেনারেল এর নিকট প্রেরণ করিবেন।”

০২। কিন্তু, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নির্ধারিত সময়ের পর তথ্য নিবন্ধনের ক্ষেত্রে বিধিমালায় উক্ত বিধানমতে আবেদনপত্রের সত্যতা সম্পর্কে যাচাই বাছাই পূর্বক নিবন্ধনের জন্য প্রস্তুত করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বা ক্ষেত্র বিশেষে ডিডিএলজি বা রেজিস্ট্রার জেনারেলের নিকট তথ্য প্রযুক্তির মাধ্যমে না পাঠিয়ে বরং আবেদনকারীকে আবেদনসহ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পাঠানো হচ্ছে, যা বিধিসম্মত নয় এবং ইহা সেবা গ্রহণকারীদের হায়রানীর সামিল বলে গণ্য করা যায়।

০৩। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, তথ্য প্রযুক্তির মাধ্যমে অনুরূপ প্রস্তাব সহজে প্রেরণের জন্য একটি সফটওয়্যার নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। তার পূর্ব পর্যন্ত আবেদনের সাথে দাখিলকৃত কাগজাদি পরীক্ষা নিরীক্ষান্তে সঠিকতা নিরূপণ, ক্ষেত্র বিশেষে শুনানী গ্রহণান্তে নিবন্ধনের জন্য প্রস্তুত করে অনুমোদনের জন্য অগ্রায়নপত্র এবং দলিলাদি/কাগজাদি স্ক্যান করে সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রেরণ করা যেতে পারে।

০৪। অতএব, উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে নির্ধারিত সময় পরে জন্ম নিবন্ধনের ক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা গেল।

(শেখ মুজিবুর রহমান এনডিসি)

রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোন: ৯৫৫৬৬০৬

ই-মেইলঃ onlinebris@gmail.com

বিতরণঃ কার্যার্থেঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।

২। জেলা প্রশাসক (সকল)।

(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে সকল পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য অনুরোধ করা গেলো।)

৩। ক্যান্টনমেন্ট এল্লিকিউটিভ অফিসার (সকল)।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

সচিব,

স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশ সচিবালয়।

দৃঃ আঃ অতিরিক্ত সচিব (প্রশাসন)

D:\My Document\Birth Registration Approve\BR Approve_Letter.dCopy.doc